



বাংলাদেশ মিউনিসিপাল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ)

(অর্থ মন্ত্রণালয়ের প্রশাসনিক আওতাধীন একটি নিবন্ধিত কোম্পানি)
গ্রামীণ ব্যাংক ভবন, লেভেল-১৩, মিরপুর-২, ঢাকা-১২১৬
ফোন : ৪৮০৩৭২০২, ৪৮০৩৭২১৬ ফ্যাক্স: ৪৮০৩৬০৭০
ওয়েব সাইট : www.bmdf.gov.bd ই-মেইল : info@bmdf.gov.bd

SE (Procurement) (CT)
17.06.26

নং বিএমডিএফ/পি-১১৫(ভলি-৪)/২০২১/ ২৮৭

২০ জুন ২০২৬

বিষয় : বিএমডিএফ-এর “প্রোগ্রাম ম্যানেজার (পিএম)” পদের নিয়োগ বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশ।

বাংলাদেশ মিউনিসিপাল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ)-এ “প্রোগ্রাম ম্যানেজার (পিএম)” পদে নিয়োগের জন্য দু’টি জাতীয় দৈনিকের (দৈনিক দিনকাল ও দি ডেইলি স্টার) ০৯/০৬/২০২৬ তারিখে প্রকাশিত সংখ্যায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। বর্ণিত নিয়োগ বিজ্ঞপ্তি ইতোমধ্যে বিএমডিএফ এর ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

এতদসঙ্গে সংযুক্ত বিজ্ঞপ্তি স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার মাধ্যমে বহুল প্রচারের সদয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ জানানো হলো।

উল্লেখ্য, বর্ণিত বিজ্ঞপ্তি স্থানীয় সরকার বিভাগ ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ওয়েবসাইটেও আপলোডের (প্রকাশের) জন্য প্রেরণ করা হয়েছে।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক


09.06.26

মো: খলিলুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক (অতি.দায়িত্ব)
এবং
যুগ্মসচিব, স্থানীয় সরকার বিভাগ

প্রধান প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি),
এলজিইডি ভবন
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭।







বাংলাদেশ মিউনিসিপাল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ)

(অর্থ মন্ত্রণালয়ের প্রশাসনিক আওতাধীন একটি কোম্পানি)

গ্রামীণ ব্যাংক ভবন, লেভেল-১৩, মিরপুর-২, ঢাকা-১২১৬

ফোন : ৪৮০৩৭২০২, ৪৮০৩৭২১৬ ফ্যাক্স : ৪৮০৩৬০৭০, ওয়েবসাইট : www.bmdf.gov.bd, ই-মেইল : info@bmdf.gov.bd

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ মিউনিসিপাল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ) অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের প্রশাসনিক আওতাভুক্ত একটি প্রতিষ্ঠান। এটি দেশের পৌরসভা এবং সিটি কর্পোরেশনসমূহের অবকাঠামোগত উন্নয়নে আর্থিক ও কারিগরি সহায়তা প্রদান করে। বিএমডিএফ এর স্থায়ী জনবল কাঠামোর অন্তর্ভুক্ত নিম্নোক্ত পদে জনবল নিয়োগের জন্য উপযুক্ত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে:

পদের নাম: প্রোগ্রাম ম্যানেজার (সংখ্যা-১টি)

যোগ্যতা ও অভিজ্ঞতা: বিএসসি ইঞ্জিনিয়ারিং (সিভিল) ও কমপক্ষে ১২ বৎসরের কর্ম-অভিজ্ঞতা অথবা যে কোন প্রকৌশল বিভাগ অথবা কর্তৃপক্ষ অথবা সমমানের প্রতিষ্ঠানের তত্ত্বাবধায়ক প্রকৌশলী পর্যায়ের জ্যেষ্ঠ প্রকৌশলী (সিভিল) অথবা অবসরপ্রাপ্ত অনুরূপ পূর্ণ-প্রকৌশলী। খ্যাতনামা বিশ্ববিদ্যালয় হতে এমবিএ ডিগ্রীধারী প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে।

বয়স: আবেদন জমা দেওয়ার শেষ তারিখ অনুযায়ী সর্বনিম্ন ৪০ বছর এবং সর্বোচ্চ ৬০ বছর।

কাজের পরিধি: প্রোগ্রাম ম্যানেজার বিএমডিএফ এর প্রকৌশল শাখার সামগ্রিক তত্ত্বাবধান তথা প্রাত্যহিক কার্যক্রমের বিষয়ে ব্যবস্থাপনা পরিচালককে অবহিত করার দায়িত্বপ্রাপ্ত। একই সাথে তিনি প্রকৌশল শাখার তত্ত্বাবধান, অবকাঠামো উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন এবং দরপত্র/ই-দরপত্র নথিসমূহ (বিডিং ডকুমেন্ট) পর্যবেক্ষণসহ প্রকল্প বাস্তবায়ন ইত্যাদির দায়িত্বপ্রাপ্ত হবেন।

বেতন: বিএমডিএফ এর বেতন স্কেল অনুযায়ী (৮১৭৬০-৮৪৫৪০-৮৭৪১৪-৯০৩৮৬-৯৩২৫৯-৯৬৬৩৭-৯৯৯২৩-১০৩৩২০-১০৬৮৩৩-১১০৪৬৫-১১৪২২১) মূল বেতন ৮১,৭৬০.০০ টাকা। এর সাথে বিএমডিএফ এর চাকরী বিধিমালা মোতাবেক অন্যান্য ভাতা/সুবিধা প্রাপ্য হবেন।

সাধারণ জ্ঞাতব্য: প্রার্থীদের প্রকৌশল সংক্রান্ত সর্বশেষ কম্পিউটার প্রোগ্রাম/এপ্লিকেশনস পরিচালনা ও ব্যবহারে পারদর্শী এবং ইংরেজী ও বাংলা ভাষায় প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনে সাক্ষর হতে হবে।

আবেদনপত্র দাখিলের নিয়ম: যথাযথ যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের লিখিত আবেদনপত্র বিস্তারিত জীবন বৃত্তান্ত, সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের এক কপি রসিদ ছবি, জাতীয় পরিচয়পত্র এবং সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ও অভিজ্ঞতা সম্পর্কিত প্রশংসাপত্রসমূহের সত্যায়িত অনুলিপি সহ আগামী ০৯ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে “ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মিউনিসিপাল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ), গ্রামীণ ব্যাংক ভবন (লেভেল-১৩), মিরপুর-২, ঢাকা-১২১৬” এই ঠিকানায় প্রেরণ করতে হবে। সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থা এবং অন্যান্য সংস্থায় কর্মরতদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনপত্র অবশ্যই মুখবন্ধ খামে দাখিল করতে হবে। খামের উপরের অংশে প্রার্থিত পদের নাম এবং বাম দিকে আবেদনকারীর পূর্ণ নাম, বর্তমান যোগাযোগের ঠিকানা, মোবাইল নম্বর এবং ই-মেইল ঠিকানা স্পষ্ট ভাবে উল্লেখ করতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য করা হবে।

নিয়োগ প্রক্রিয়াকে প্রভাবিত করার যে কোন প্রচেষ্টা স্বয়ংক্রিয়ভাবে প্রার্থীতা বাতিল করবে। শুধুমাত্র সংক্ষিপ্ত

তালিকাভুক্ত প্রার্থীদের নির্বাচনী পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য ডাকা হবে। নির্বাচনী পরীক্ষা/সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। বিএমডিএফ এই নিয়োগ প্রক্রিয়া যে কোন সময় বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

কোম্পানি সচিব
বিএমডিএফ